একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সম্প্রসারণ-১ শাখা

নং-১২.০০.০০০০.০৫২.৩৫.০৪০.১৬-১১৭৯ তারিখ: ১৪ ডিসেম্বর ২০১৭।

## প্রজ্ঞাপন

সরকার কৃষি মন্ত্রণালয়াধীন গবেষণা প্রতিষ্ঠানসমূহের উদ্ভাবিত জাত ও প্রযুক্তি মাঠ পর্যায়ে সম্প্রসারণের লক্ষ্যে নিম্নোক্ত কমিটিসমূহ গঠন করেছে:

### ১.০ কৃষি প্রযুক্তি সম্প্রসারণ সমন্বয় কমিটি:

| | | |
|---|---|---|
| ১.১ | নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ঢাকা। | চেয়ারম্যান |
| ১.২ | মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। | কো-চেয়ারম্যান |
| ১.৩ | মহাপরিচালক, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা। | সদস্য |
| ১.৪ | পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা। | সদস্য |
| ১.৫ | মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। | সদস্য |
| ১.৬ | সদস্য পরিচালক (বীজ), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ঢাকা। | সদস্য |
| ১.৭ | সদস্য পরিচালক (ক্ষুদ্র সেচ), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ঢাকা। | সদস্য |
| ১.৮ | মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর। | সদস্য |
| ১.৯ | মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর। | সদস্য |
| ১.১০ | মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ। | সদস্য |
| ১.১১ | মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, ঢাকা। | সদস্য |
| ১.১২ | পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা। | সদস্য |
| ১.১৩ | নির্বাহী পরিচালক, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান), ঢাকা। | সদস্য |
| ১.১৪ | নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা। | সদস্য |
| ১.১৫ | নির্বাহী পরিচালক, কৃষি গবেষণা ফাউন্ডেশন, বিএআরসি ক্যাম্পাস, ফার্মগেট, ঢাকা। | সদস্য |
| ১.১৬ | পরিচালক, টেকনোলজি ট্রান্সফার ও মনিটরিং ইউনিট, বিএআরসি, ঢাকা। | সদস্য |
| ১.১৭ | পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর। | সদস্য |
| ১.১৮ | ব্যবস্থাপনা পরিচালক, হর্টেক্স ফাউন্ডেশন, সেচ ভবন, শেরে-বাংলা নগর, ঢাকা। | সদস্য |
| ১.১৯ | সভাপতি, বাংলাদেশ সিড অ্যাসোসিয়েশন, ঢাকা। | সদস্য |
| ১.২০ | সভাপতি, কৃষি যন্ত্রপাতি ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন, ঢাকা। | সদস্য |
| ১.২১ | অতিরিক্ত পরিচালক, সকল অঞ্চল, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর। | সদস্য |
| ১.২২ | প্রধান বীজতত্ত্ববিদ, বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, ঢাকা। | সদস্য |
| ১.২৩ | পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। | সদস্য সচিব |

### ২.০ কৃষি প্রযুক্তি সম্প্রসারণ সমন্বয় কমিটির কার্যপরিধি:

২.১ কমিটি গবেষণা প্রতিষ্ঠানসমূহ কর্তৃক উদ্ভাবিত জাত ও প্রযুক্তি দ্রুততম সময়ে মাঠ পর্যায়ে কৃষকের নাগালে পৌঁছানোর লক্ষ্যে প্রদর্শনীসহ সকল কলাকৌশল যেমন: প্রচারণা, প্রকাশনা, প্রযুক্তি মেলা, প্রযুক্তি পল্লী, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার ব্যবহার, কৃষক ও অংশীজনদের প্রশিক্ষণ, কৃষি বিষয়ক প্রামাণ্য চিত্র ইত্যাদির মাধ্যমে অংশীজনদের অবহিতকরণ ও উদ্বুদ্ধকরণ কার্যক্রম গ্রহণের প্রয়োজনীয় সুপারিশ/পরামর্শ প্রদান করবে।

২.২ কমিটি জাতীয় বীজ বোর্ড (এনএসবি) কর্তৃক কোন জাত ছাড়করণের পর সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠানের প্রস্তাবের ভিত্তিতে জাতটি সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ করবে। এ লক্ষ্যে এনএসবি কর্তৃক চাষাবাদের জন্য অনুমোদিত এলাকায় ব্লক প্রদর্শনীর জন্য স্থান নির্বাচন, প্রদর্শনীর আয়তন নির্ধারণ, প্রদর্শনীর সংখ্যা নির্ধারণ, প্রয়োজনীয় বীজের পরিমাণ নির্ধারণ বিষয়ে প্রয়োজনীয় গাইডলাইন প্রদান করবে। উহার ভিত্তিতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করত: ডিএই সীড প্রমোশন কমিটিতে বীজের চাহিদা দাখিল করবে।

২.৩ কমিটি জাত সম্প্রসারণের লক্ষ্যে স্থাপিত প্রতিটি প্রদর্শনী যাতে বিনির্দেশ সম্মত ও সংশ্লিষ্ট সকল অংশীজনদের অংশগ্রহণে সম্পন্ন হয় তা নিশ্চিত করবে। প্রদর্শনীর মূল্যায়নের ক্ষেত্রে অংশীজনদের গ্রহণযোগ্যতা (Stakeholders Acceptance Level) পরিমাপসহ বাজার ও ভোক্তা চাহিদা এবং সংশ্লিষ্ট অন্যান্য বিষয় বিবেচনায় নিয়ে একটি মূল্যায়ন পদ্ধতি নিরূপণ করবে।

২.৪ কমিটি এনএসবি কর্তৃক এ যাবত ছাড়কৃত প্রতিটি জাতের যথাযথ মাঠ মূল্যায়নের ভিত্তিতে উহাদের সম্প্রসারণ পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের পদক্ষেপ করবে। পরিবীক্ষণ ও মূল্যায়নের লক্ষ্যে বর্তমানে মাঠে বিদ্যমান প্রযুক্তির ব্যবহার, বিস্তৃতি, জনপ্রিয়তা, ফলন, উৎপাদনশীলতা, বীজ প্রতিস্থাপনের হার (SRR) ইত্যাদি সামগ্রিক বিষয়ে একটি ভিত্তি জরিপ (Base line survey) সম্পাদন করবে।

২.৫ কমিটি একটি নির্দিষ্ট সময় অন্তর অন্তর সকল জাতের মাঠ মূল্যায়ন ও বিশুদ্ধতা পরীক্ষা করে উহাদের সম্প্রসারণের ক্ষেত্রে যথাযথ পরিকল্পনা গ্রহণ করবে। মাঠ মূল্যায়নে পুরোনো কোন জাতের বিশুদ্ধতা বিনষ্ট হয়েছে মর্মে পরিলক্ষিত হলে অথবা জৈব ও অজৈব ঘাত-সহিষ্ণুতা কোন কারণে হ্রাস পেলে অথবা সংবেদনশীলতা বৃদ্ধি পেলে উক্ত জাত প্রয়োজনে ডি-নোটিফাই (de-notify) করার জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করবে।

২.৬ কমিটি কৃষি-পরিবেশ অঞ্চল এবং কৃষি আবহাওয়াগত পরিস্থিতি বিবেচনায় নিয়ে জাত সম্প্রসারণের পরিকল্পনা গ্রহণ করবে। নতুন কোন জাত পুরোনো কোন উচ্চ ফলনশীল জাতের স্থলাভিষিক্ত হলে তদানুযায়ী সম্প্রসারণ পরিকল্পনা হালনাগাদ করে বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করবে।

২.৭ কমিটি গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত জাত-বহির্ভূত প্রযুক্তি এবং কৃষি যন্ত্রপাতি সম্প্রসারণের ক্ষেত্রেও পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করবে।

২.৮ কমিটি মাঠ মূল্যায়নের ভিত্তিতে কোন প্রযুক্তির ব্যবহারোপযোগিতা পর্যালোচনা করে উহার উন্নতি সাধন বা নতুন প্রযুক্তির বিষয়ে গবেষণা প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় সুপারিশ প্রদান করবে।

২.৯ কমিটি সম্পাদিত ভিত্তি জরিপের নিরিখে প্রযুক্তি সম্প্রসারণের অগ্রগতি ও ফলাফল পর্যালোচনার জন্য প্রতিবছর বিভিন্ন পর্যায়ে কর্মশালার আয়োজন করে সময়োপযোগী সুপারিশমালা প্রণয়ন এবং তদানুযায়ী সম্প্রসারণের পরবর্তী কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করবে।

২.১০ কমিটি প্রযুক্তি সম্প্রসারণে সরকারি প্রতিষ্ঠানের পাশাপাশি বেসরকারি প্রতিষ্ঠানের সংশ্লিষ্টতা বিবেচনায় নিয়ে প্রযুক্তি সম্প্রসারণের সামগ্রিক পরিকল্পনা গ্রহণ এবং বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করবে।

২.১১ কমিটি সংশ্লিষ্ট আইন, সরকারের বিধি-বিধান, পরিপত্র, নীতিমালা ও নির্দেশনা সাপেক্ষে কৃষি প্রযুক্তি সম্প্রসারণ, সমন্বয়, পরিবীক্ষণ এবং মূল্যায়ন সংক্রান্ত যে কোন দায়িত্ব পালন করবে এবং আঞ্চলিক কমিটিসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও সংস্থাকে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবে।

২.১২ আঞ্চলিক কমিটির সুপারিশ পর্যালোচনা করে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করবে।

২.১৩ কমিটি গৃহীত কার্যক্রমের বিষয়ে ত্রৈমাসিক ভিত্তিতে মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করবে।

২.১৪ কমিটি খরিফ-১, খরিফ-২ এবং রবি মৌসুম এর প্রারম্ভে বছরে অন্ততপক্ষে তিনবার সভা আহবান করে যথাযথ পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করবে। জেলা কমিটি ও আঞ্চলিক কমিটির সভা অনুষ্ঠানের পর কৃষি প্রযুক্তি সম্প্রসারণ সমন্বয় কমিটির সভা আহবান করবে যাতে জেলা ও আঞ্চলিক কমিটির কার্যক্রম পর্যালোচিত হয়।

২.১৫ কমিটি প্রয়োজনে কোন বিশেষ কাজ বা দায়িত্ব পালনের জন্য উপ-কমিটি গঠন করতে পারবে।

২.১৬ কমিটি প্রয়োজনে কোন সদস্য কো-অপ্ট করতে পারবে বা কোন সভায় উপস্থিত থাকতে কাউকে বিশেষ আমন্ত্রণ জানাতে পারবে।

৩.০ **আঞ্চলিক কৃষি প্রযুক্তি সম্প্রসারণ কমিটি:**

| | | |
|---|---|---|
| ৩.১ | অতিরিক্ত পরিচালক, অঞ্চল, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর। | সভাপতি |
| ৩.২ | যুগ্ম-পরিচালক, বিএডিসি (বীজ বিপণন/বীজ প্রক্রিয়াতকরণ কেন্দ্র/কন্ট্রাক্ট গ্রোয়ার্স) | সদস্য |
| ৩.৩ | আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার, বীজ প্রত্যয়ন এজেন্সী। | সদস্য |
| ৩.৪ | আঞ্চলিক বেতার কৃষি অফিসার/কৃষি তথ্য অফিসার, কৃষি তথ্য সার্ভিস। | সদস্য |
| ৩.৫ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বিএডিসি (সংশ্লিষ্ট অঞ্চল) | সদস্য |
| ৩.৫ | উপপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর (সংশ্লিষ্ট বিভাগ)। | সদস্য |
| ৩.৬ | বিজ্ঞানী প্রতিনিধি : মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (বারি, ব্রি, বিনা, বিজেআরআই, বাংলাদেশ | সদস্য |
| ৩.৭ | গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ তুলা উন্নয়ন বোর্ড, এসআরডিআই কর্তৃক | সদস্য |
| ৩.৮ | মনোনীত ০১ X ০৭ = ০৭ জন) সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত। | সদস্য |
| ৩.৯ | উপপরিচালক (সকল), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর। | সদস্য |
| ৪.০ | কৃষক প্রতিনিধি ০৩ (তিন) জন, তন্মধ্যে একজন কৃষাণী (ডিএই কর্তৃক মনোনীত)। | সদস্য |
| ৪.১ | বাংলাদেশ সিড অ্যাসোসিয়েশনের স্থানীয় প্রতিনিধি। | সদস্য |
| ৪.২ | বাংলাদেশ কৃষি যন্ত্রপাতি ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশনের স্থানীয় প্রতিনিধি। | সদস্য |
| ৩.১১ | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (আঞ্চলিক কার্যালয়)। | সদস্য সচিব |

৪.০ **আঞ্চলিক কৃষি প্রযুক্তি সম্প্রসারণ কমিটির কার্যপরিধি:**

৪.১ কৃষি মন্ত্রণালয়াধীন গবেষণা প্রতিষ্ঠানসমূহ কর্তৃক উদ্ভাবিত জাত ও প্রযুক্তি সম্প্রসারণে জাতীয় কমিটিকে উহার কার্যপরিধি অনুযায়ী কার্যক্রম গ্রহণে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে এবং জাতীয় কমিটির সিদ্ধান্ত ও দিক নির্দেশনা অনুযায়ী দায়িত্ব পালন করবে।

৪.২ অঞ্চলভুক্ত এলাকায় সরকারের বিধি-বিধান, পরিপত্র, নীতিমালা ও নির্দেশনা সাপেক্ষে কৃষি প্রযুক্তি সম্প্রসারণ, সমন্বয়, পরিবীক্ষণ এবং মূল্যায়ন সংক্রান্ত যে কোন দায়িত্ব পালন করবে এবং জেলা কমিটিসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও সংস্থাকে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবে।

৪.৩ জেলা কমিটি থেকে প্রাপ্ত মাঠ মূল্যায়নের ফলাফলের ভিত্তিতে প্রযুক্তি সম্প্রসারণে প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করবে। অঞ্চলের প্রযোজ্যতা অনুযায়ী কৃষি প্রযুক্তি সম্প্রসারণ সংশ্লিষ্ট সকল দায়িত্ব পালন করবে।

৪.৪ জেলা কমিটির সুপারিশ পর্যালোচনা করে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করবে।

৪.৫ মৌসুমভিত্তিক মাঠ মূল্যায়নের ভিত্তিতে জাতীয় কমিটিতে এবং সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠানে সুপারিশসহ প্রতিবেদন প্রেরণ করবে।

৪.৬ খরিফ-১, খরিফ-২ এবং রবি মৌসুম এর প্রারম্ভে বছরে অন্ততপক্ষে তিনবার সভা আহবান করে যথাযথ পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করবে।

৪.৭ কমিটি গৃহীত কার্যক্রমের বিষয়ে ত্রৈমাসিক ভিত্তিতে কৃষি প্রযুক্তি সম্প্রসারণ সমন্বয় কমিটিতে প্রতিবেদন প্রেরণ করবে।

৫.০ **জেলা কৃষি প্রযুক্তি সম্প্রসারণ কমিটি:**

| | | |
|---|---|---|
| ৫.১ | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর। | সভাপতি |
| ৫.২ | বিজ্ঞানী প্রতিনিধি: প্রধান/ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (বারি, ব্রি, বিনা, বিজেআরআই, বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ তুলা উন্নয়ন বোর্ড, এসআরডিআই)। সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত। | সদস্য |
| ৫.৩ | জেলা বীজ প্রত্যয়ন অফিসার, বীজ প্রত্যয়ন এজেন্সী। | সদস্য |
| ৫.৪ | উপপরিচালক, বিএডিসি (সংশ্লিষ্ট জেলা) | সদস্য |
| ৫.৫ | নির্বাহী প্রকৌশলী, বিএডিসি (সংশ্লিষ্ট জেলা) | সদস্য |
| ৫.৬ | জেলা কৃষি বিপণন কর্মকর্তা। | সদস্য |
| ৫.৭ | কৃষি তথ্য সার্ভিসের প্রতিনিধি ০১ (এক) জন। | সদস্য |

| | | |
|---|---|---|
| ৫.৮ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল)। | সদস্য |
| ৫.৯ | কৃষক প্রতিনিধি ০৩ (তিন) জন, তন্মধ্যে একজন কৃষাণী (ডিএই কর্তৃক মনোনীত)। | সদস্য |
| ৫.১০ | ডিলার প্রতিনিধি (বীজ, সার, বালাইনাশক এসোসিয়েশন) মোট ০৩ (তিন) জন। | সদস্য |
| ৫.১১ | উপজেলা কৃষি অফিসার (সকল)। | সদস্য |
| ৫.১২ | কৃষির সাথে ব্যাপকভাবে সংশ্লিষ্ট বেসরকারি সংস্থার প্রতিনিধি ০১ (এক) জন ডিএই কর্তৃক মনোনীত। | সদস্য |
| ৫.১৩ | জেলা প্রশিক্ষণ কর্মকর্তা (ডিএই)। | সদস্য সচিব |

**৬.০ জেলা কৃষি প্রযুক্তি সম্প্রসারণ কমিটির কার্যপরিধি:**

৬.১ কৃষি মন্ত্রণালয়াধীন গবেষণা প্রতিষ্ঠানসমূহ কর্তৃক উদ্ভাবিত জাত ও প্রযুক্তি সম্প্রসারণে আঞ্চলিক কমিটিকে উহার কার্যপরিধি অনুযায়ী কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে এবং আঞ্চলিক কমিটির সিদ্ধান্ত ও দিক নির্দেশনা অনুযায়ী দায়িত্ব পালন করবে।

৬.২ এ কমিটি জেলাভুক্ত এলাকায় সরকারের বিধি-বিধান, পরিপত্র, নীতিমালা ও নির্দেশনা সাপেক্ষে কৃষি প্রযুক্তি সম্প্রসারণ, সমন্বয়, পরিবীক্ষণ এবং মূল্যায়ন সংক্রান্ত দায়িত্ব পালন করবে এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও সংস্থাকে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবে।

৬.৩ মৌসুমভিত্তিক মাঠ মূল্যায়ন সম্পন্ন করে উহার ভিত্তিতে সুপারিশসহ প্রতিবেদন আঞ্চলিক কমিটি এবং সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠানে প্রেরণ করবে। জেলাধীন এলাকার প্রয়োজ্যতা অনুযায়ী কৃষি প্রযুক্তি সম্প্রসারণ সংশ্লিষ্ট সকল দায়িত্ব পালন করবে।

৬.৪ মাঠ মূল্যায়নের প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে প্রযুক্তি সম্প্রসারণে প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করবে।

৬.৫ খরিফ-১, খরিফ-২ এবং রবি মৌসুম এর প্রারম্ভে বছরে অন্ততপক্ষে তিনবার সভা আহবান করে যথাযথ পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করবে।

৬.৬ কমিটি গৃহীত কার্যক্রমের বিষয়ে ত্রৈমাসিক ভিত্তিতে আঞ্চলিক কৃষি প্রযুক্তি সম্প্রসারণ কমিটিতে প্রতিবেদন প্রেরণ করবে।

**৭.০ বাজেট:**

৭.১ কৃষি প্রযুক্তি সম্প্রসারণ সমন্বয় কমিটির ব্যয়ভার বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের বাজেট বরাদ্দ থেকে নির্বাহ হবে।

৭.২ আঞ্চলিক ও জেলা কৃষি প্রযুক্তি সম্প্রসারণ কমিটির ব্যয়ভার কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বাজেট বরাদ্দ থেকে নির্বাহ হবে।

৮.০ জাতীয় কৃষি কারিগরি সমন্বয় কমিটি গঠন সংক্রান্ত কৃষি মন্ত্রণালয়ের ১২/১১/৯৬ তারিখের প্রজ্ঞাপন নং-কৃষি-৩/বার্ক-৯/৯৬(১)৪৬০ এতদ্বারা রহিত করা হল।

৯.০ এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১০/৯/১৮
(পুর্শিয়া আক্তার)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৯৫৪৬৩০৯
ই-মেইল ঃ sasexten1@moa.gov.bd

**নং-১২.০০.০০০০.০৫২.৩৫.০৪০.১৬-৮২৯** **তারিখ: ১০ সেপ্টেম্বর ২০১৮।**

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ**

১. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ঢাকা ।
২. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (সম্প্রসারণ), কৃষি মন্ত্রণালয়।
৪. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৫. মহাপরিচালক, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা।
৬. পরিচালক, মৃত্তিকা সম্পদ ইনস্টিটিউট, ঢাকা।
৭. মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৮. মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর।
৯. মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর।

১০. মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
১১. মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, ঢাকা।
১২. পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা।
১৩. নির্বাহী পরিচালক, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান), ঢাকা।
১৪. নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা।
১৫. নির্বাহী পরিচালক, কৃষি গবেষণা ফাউন্ডেশন, বিএআরসি ক্যাম্পাস, ফার্মগেট, ঢাকা।
১৬. পরিচালক, টেকনোলজি ট্রান্সফার ও মনিটরিং ইউনিট, বিএআরসি, ঢাকা।
১৭. পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।
১৮. ব্যবস্থাপনা পরিচালক, হর্টেক্স ফাউন্ডেশন, সেচ ভবন, শেরে-বাংলা নগর, ঢাকা।
১৯. সদস্য পরিচালক (ক্ষুদ্র সেচ/বীজ), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ঢাকা।
২০.সভাপতি, বাংলাদেশ সিড অ্যাসোসিয়েশন, ঢাকা।
২১.সভাপতি, কৃষি যন্ত্রপাতি ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন, ঢাকা।
২২. অতিরিক্ত পরিচালক, সকল অঞ্চল, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।
২৩.প্রধান বীজতত্ত্ববিদ, বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, ঢাকা।
২৪. পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
২৫. উপ-সচিব, গবেষণা-১ শাখা, কৃষি মন্ত্রণালয়।
২৬. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়।
২৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়।
২৮. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বিএডিসি (সকল অঞ্চল)
২৯. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর **(সকল জেলা)**
৩০. জেলা প্রশিক্ষণ কর্মকর্তা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর **(সকল জেলা)**
৩১. জেলা বীজ প্রত্যয়ন অফিসার, বীজ প্রত্যয়ন এজেন্সী **(সকল জেলা)**
৩২. উপপরিচালক, বিএডিসি **(সকল জেলা)**
৩৩. নির্বাহী প্রকৌশলী, বিএডিসি **(সকল জেলা)**
৩৪. জেলা কৃষি বিপণন কর্মকর্তা **(সকল জেলা)**
৩৫. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল উপজেলা)
৩৬. উপজেলা কৃষি অফিসার, উপজেলা কৃষি অফিস, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (সকল উপজেলা)।